রেজিস্ট্রারের কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
ফোন: ০৪৩১২১৭৭৪৩১, ০১৭১১-১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং- বিইউ/রেজি/সংস্কৃতি ও উৎসব/ভলি-২/২৭৩/২০২১/৩২৭৯

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ / ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নোটিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে, আগামী ০২ ডিসেম্বর ২০২৩ তারিখ রোজ শনিবার ২০২২-২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বরিশাল সিটি করপোরেশনের মাননীয় মেয়র জনাব আবুল খায়ের আবদুল্লাহ (খোকন সেরনিয়াবাত) এবং ওরিয়েন্টেশন বক্তা হিসেবে অধ্যাপক ড. মীজানুর রহমান, মার্কেটিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করবেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া।

'ওরিয়েন্টেশন প্রোগ্রাম বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক নির্দেশনাসমূহ নিম্নে দেয়া হলো:

ক) স্ব স্ব বিভাগ নবীন শিক্ষার্থীদের লাঞ্চের ব্যবস্থা করবে।
খ) বিভাগসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় নবীন শিক্ষার্থীদের জন্য আইডি কার্ডের ব্যবস্থা করবে।
গ) সকল দপ্তর প্রধান নিজস্ব ব্যবস্থাপনায় দপ্তরে কর্মরত সকলের জন্য একই রকম লাঞ্চের ব্যবস্থা করবেন।
ঘ) ওরিয়েন্টেশন প্রোগ্রামটি মুক্তমঞ্চে সকাল ১০.৩০ টা থেকে শুরু হবে।
ঙ) পরিবহনের ব্যবস্থা পরিবহন পুলের উপর ন্যাস্ত থাকবে।
চ) উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

২৬/১১/২৩

মো. মনিরুল ইসলাম
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):
১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (**সংশ্লিষ্ট বিভাগের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ**)।
৩। প্রভোস্ট, সকল হল, বরিশাল বিশ্ববিদ্যালয় (**সংশ্লিষ্ট অফিসের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ**)।
৪। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৫। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (**বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য**)।
৬। ম্যানেজার, পরিবহন পুল, বরিশাল বিশ্ববিদ্যালয় (**পরিবহনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৭। সকল অফিস প্রধান, বরিশাল বিশ্ববিদ্যালয় (**সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ**)।
৮। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), জনসংযোগ অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৯। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (**ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১০। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (**ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১১। নোটিস বোর্ডসমূহ।
১২। সংশ্লিষ্ট নথি/মহানথি।